# প্রকল্প সংশ্লিষ্ট সাধারণ তথ্যাবলি

১. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে বিভিন্ন বিভাগে যারা কর্মরত আছেন তারা PI এবং Co-PI হিসেবে নির্ধারিত ফরম্যাটে গবেষণা প্রস্তাবনা দাখিল করতে পারবেন। উল্লেখ্য যে, প্রভাষকবৃন্দ কেবলমাত্র Co-PI হিসেবে গবেষণা কাজে সম্পৃক্ত থাকতে পারবেন।

২. বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত প্রকল্পের ক্ষেত্রে ০১ জন শিক্ষক ০১ টির বেশি প্রকল্পে প্রধান গবেষক/সহযোগী প্রধান গবেষক থাকতে পারবেন না। পবিপ্রবি'র গবেষকবৃন্দকে গ্রুপ ভিত্তিক (ভিন্ন অনুষদ, বিভাগ ও প্রতিষ্ঠানের সাথে) প্রকল্প জমাদানের জন্য উৎসাহিত করা যাচ্ছে। গ্রুপ গঠনের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ের একই বিভাগ/ভিন্ন বিভাগ/অনুষদের কিংবা অন্য বিশ্ববিদ্যালয়ের বিভাগ/অনুষদের শিক্ষক/গবেষণা প্রতিষ্ঠানের গবেষকদের নিয়ে গ্রুপ ভিত্তিক প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়া যাবে। তবে ভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/গবেষণা প্রতিষ্ঠানের গবেষকদের কোন সম্মানী প্রদান করা যাবে না। উল্লেখ্য যে, গ্রুপ গঠনের ক্ষেত্রে অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক/প্রভাষক/সমমানের শিক্ষক/গবেষকদের অন্তর্ভূক্ত করা যাবে।

৩. বছর ভিত্তিক এবং দীর্ঘ পরিকল্পনা ভিত্তিক (Program Based) প্রকল্প জমা দেয়া যাবে। দীর্ঘ মেয়াদী প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ ৩ বছরের জন্য বছর ভিত্তিক কর্মসূচী ও বাজেট প্রনয়ন করতে হবে । দীর্ঘ মেয়াদী প্রকল্পের একক গবেষকের ক্ষেত্রে সর্বোচ্চ বাজেট সীমা **৩ লক্ষ** টাকা তবে গ্রুপ ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ বাজেট সীমা **৬ লক্ষ** টাকা। প্রকল্পের মেয়াদ ১ বছরের বেশী হলে পরবর্তী বছরের বাজেট সহ প্রকল্প প্রস্তাবনা এবং পূর্ববর্তী অর্থবছরের অগ্রগতির প্রতিবেদন (Abstract সহ) দাখিল করতে হবে, অন্যথায় চলমান প্রকল্পের অনুকূলে বরাদ্দ প্রদান করা হবে না।

৪. ১ বছর মেয়াদী প্রকল্পের একক গবেষকের ক্ষেত্রে সর্বোচ্চ বাজেট সীমা **১-১.৫ লক্ষ** টাকা এবং ২ জন গবেষকবৃন্দের সমন্বয়ে গ্রুপ গঠিত হলে উক্ত গ্রুপ ভিত্তিক প্রকল্পের ক্ষেত্রে সর্বোচ্চ বাজেট সীমা **৩ লক্ষ** টাকা তবে ৩ জন গবেষকবৃন্দের সমন্বয়ে গ্রুপ (অবশ্যই ২ জন সহযোগী বা তদুর্ধ অধ্যাপক থাকতে হবে) গঠিত হলে সর্বোচ্চ বাজেট সীমা হবে **৪ লক্ষ** টাকা ।

৫. বাৎসরিক মোট বাজেটে PI এবং Co-PI এর সম্মানী ভাতা বাবদ মূল বেতনের ৩০% অর্থ উল্লেখ থাকবে এবং উক্ত সম্মানীর অর্থ মনিটরিং কমিটির রিপোর্ট এবং চূড়ান্ত প্রতিবেদন (চলমান প্রকল্পের ক্ষেত্রে অগ্রগতির প্রতিবেদন) জমাদান এর ভিত্তিতে ছাড় করা হবে ।

৬. গবেষণা প্রকল্পে রিসার্চ ফেলো হিসেবে পবিপ্রবি'র ছাত্র- ছাত্রীদের অন্তর্ভূক্ত করার ব্যপারে জোড়ালোভাবে উৎসাহিত করা যাচ্ছে। যে সকল প্রকল্পের ক্ষেত্রে বাজেট সীমা ১.৫ লক্ষ (এক লক্ষ পঞ্চাশ হাজার) সে সকল প্রকল্পের প্রকল্প পরিচালক ফেলোদেরকে সর্বোচ্চ ১২ মাসে ২৪,০০০.০০ টাকা এবং যে সকল প্রকল্পের ক্ষেত্রে বাজেট সীমা ১.৫ (এক লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) টাকার ঊর্ধ্বে সে সকল প্রকল্পের প্রকল্প পরিচালক ফেলোদেরকে সর্বোচ্চ ১২ মাসে ৪৮,০০০.০০ টাকা মাত্র প্রদান করতে পারবেন । মাস্টাররোল শ্রমিকের ক্ষেত্রে খরচের সীমা ১ বছরে সর্বোচ্চ ১৫,০০০.০০ টাকা মাত্র।

৭. দাখিলকৃত প্রকল্প প্রস্তাবনাটি অবশ্যই Original Work ভিত্তিক হতে হবে। দাখিলকৃত প্রকল্পটির অনুকূলে অন্য কোন দাতাসংস্থা থেকে অর্থ বা অনুদান গ্রহন করলে সংশ্লিষ্ট প্রকল্পটি বাতিল হয়ে যাবে।

৮. যে সকল শিক্ষকবৃন্দ লিয়েন/প্রেষণে আছেন তাঁরা প্রকল্প প্রস্তাবনা জমা দিতে পারবেন না। প্রকল্প চলাকালীন কোন PI এর অনুকূলে লিয়েন/প্রেষণ মঞ্জুর হলে তা RTC কে জরুরী ভাবে অবহিত করতে হবে।

৯. কোন গবেষক অন্য কোন উৎস থেকে ০২টি প্রকল্পের সঙ্গে সম্পৃক্ত থাকলে RTC এর অর্থায়নে প্রকল্প প্রস্তাবনা জমা না দেওয়ার জন্য অনুরোধ করা হল।

১০. নির্ধারিত প্রোফর্মা ছাড়া এবং নির্ধারিত তারিখের পর কোন অবস্থাতেই গবেষনা প্রস্তাবনা গ্রহন করা হবে না।

১১. প্রকল্প প্রস্তাবনার সকল ক্রয় প্রক্রিয়া ২০ জুন ২০২৭ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে ।

১২. প্রকল্পের গবেষণা কাজ ০১ জুলাই ২০২৬ থেকে ৩০ জুন ২০২৭ পর্যন্ত চলমান রাখা যাবে ।

১৩. প্রকল্পের সমুদয় খরচের সমন্বয় ভাউচার ৩০ জুন ২০২৭ তারিখের মধ্যে RTC তে জমা দিতে হবে।

১৪. প্রকল্পের চূড়ান্ত প্রতিবেদন ৩১ জুলাই ২০২৭ এর মধ্যে জমা দিতে হবে। পূর্ববর্তী অর্থবছরের চূড়ান্ত প্রতিবেদন জমা না দেওয়া হওয়া পর্যন্ত কোন PI এবং Co-PI এর অনুকূলে পরবর্তী অর্থবছরে গবেষণা প্রকল্পের অর্থ ছাড় করা সম্ভব হবে না।

১৫. প্রতিটি প্রকল্প দুই জন মূল্যায়নকারী দ্বারা মূল্যায়ন করা হবে। সেক্ষেত্রে একজন মূল্যায়নকারী হবেন পবিপ্রবি'র এবং অন্যজন বহিঃস্থ। মূল্যায়নকারীকে RTC কর্তৃক নির্ধারিত Format অনুসরণ করতে হবে। পবিপ্রবি এবং পবিপ্রবি'র বাহিরের মূল্যায়নকারীদের একটি তালিকা RTC সংরক্ষণ করবে।

১৬. রিভিউয়ার কর্তৃক প্রকল্প প্রস্তাবনা মুল্যায়নে নিম্নোক্ত মানদন্ড বিবেচিত হবেঃ-

| | **Criteria** | | **Marks Distribution** |
|---|---|---|---|
| 16.1. | Project title | – | 5 |
| 16.2. | Introduction, innovativeness and problem statement | – | 15 |
| 16.3. | Specific objectives | – | 5 |
| 16.4 | Relevance to the vision of PSTU and national development goals | – | 10 |
| 16.5. | Review and background information | – | 10 |
| 16.6. | Expected outputs and benefits of stakeholder | – | 5 |
| 16.7. | Methodology | – | 15 |
| 16.8. | Activity plan/Gantt chart | – | 05 |
| 16.9. | Budget rationale | – | 10 |
| 16.10. | Proposal design, presentation and feasibility | – | 10 |
| 16.11. | Publication (Impact journal-10, Scopus indexed -7.5, Institutional journal -5) | – | 10 |
| | **Total=** | | **100** |

১৭. অর্থায়নের জন্য চূড়ান্তভাবে অনুমোদিত প্রকল্প সমূহের পরিচালকবৃন্দের চাহিদার ভিত্তিতে PI এবং Co-PI (প্রযোজ্য ক্ষেত্রে) এর সম্মানী ব্যতীত সমুদয় অর্থ এক কিস্তিতে ছাড় করা হবে ।

১৮. আরটিসি কর্তৃক বরাদ্দকৃত প্রকল্পের আর্থিক লেনদেনের ক্ষেত্রে একটি আলাদা ব্যাংক হিসাব (SNTD হিসাব) খুলতে হবে। হিসাব সংক্রান্ত কার্যাবলী বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বিধি মোতাবেক পরিচালিত হবে এবং PI কে নিশ্চিত করতে হবে যে, প্রকল্প সংক্রান্ত খরচ সমূহ Procurement Rules এবং Tax প্রদানের নিয়ম মেনে করা হয়েছে।

১৯. ডিসেম্বর ২০২৬ থেকে মার্চ ২০২৭ সময়ের মধ্যে অনুষদ ভিত্তিক মনিটরিং কমিটি কর্তৃক প্রতিটি প্রকল্পের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করা হবে।

২০. প্রকল্প প্রস্তাবনা জমাদানের সময় বাজেট অবশ্যই লাইন আইটেম ভিত্তিক হতে হবে। প্রকল্প প্রস্তাবনায় উল্লিখিত বাজেটের লাইন আইটেম এর সাথে সঙ্গতি রেখে বরাদ্দকৃত অর্থের মধ্যে বাজেট সংশোধন করতে হবে। বরাদ্দকৃত বাজেটের খাতওয়ারী বিবরণ হবে নিম্নরূপঃ

| ক্রমিক নং | আইটেম | পরিমান | একক দর | মোট মূল্য |
|---|---|---|---|---|
| | | | | |

২১. RTC এর অর্থায়নে পরিচালিত গবেষণার ফলাফল নিয়ে স্ব স্ব গবেষকবৃন্দকে বরাদ্দ গ্রহনের ৩ বছরের মধ্যে অবশ্যই ১ টি Article প্রকাশ করতে হবে। যে সব গবেষকবৃন্দ Impact Factor Journal/Peer Reviewed Institutional Journal এ Article প্রকাশ করবেন তাদেরকে পরবর্তী অর্থবছরে বরাদ্দ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

২২. রিসার্চ Abstract বইয়ের জন্য ১ কপি Abstract (সফট ও হার্ড কপি) ৩০ জুন ২০২৭ এর মধ্যে RTC তে প্রেরণ করতে হবে।

২৩. অর্থ উত্তোলনের জন্য কোন প্রকার ফাইল উপস্থাপনের প্রয়োজন নেই তবে নিম্নোক্ত তথ্যাদি উপস্থাপন করতে হবেঃ

| | প্রকল্পের গবেষণা ব্যয় ছাড়করনের ক্ষেত্রে | | প্রকল্পের সম্মানীর অর্থ ছাড়করনের ক্ষেত্রে |
|---|---|---|---|
| ক. | সংশোধিত প্রস্তাবনার একটি হার্ড কপি | ক. | যথাযথভাবে পূরণকৃত আবেদন ফর্ম |
| খ. | যথাযথভাবে পূরনকৃত আবেদন ফর্ম | খ. | মনিটরিং রিপোর্ট |
| গ. | প্রাক্কলন | | |
| ঘ. | বরাদ্দপত্রের ফটোকপি | | |
| ঙ. | মূল্যায়নকৃত কপি | | |

২৪. RTC কর্তৃক আয়োজিত গবেষণা সংক্রান্ত কর্মকান্ড, Review Workshop, এবং Research Festival এ অংশ গ্রহন করার ব্যাপারে নিশ্চয়তা প্রদান করতে হবে। অন্যথায় পরবর্তী বছর প্রকল্পের জন্য আবেদন বিবেচিত হবেনা।

২৫. কর্তৃপক্ষ যে কোন প্রকল্প প্রস্তাবনা গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

24.06.26

প্রফেসর ড. খোকন হোসেন
পরিচালক
রিসার্চ এন্ড ট্রেনিং সেন্টার
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

২৬.